গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরি-১ শাখা

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় ২০২২-২০২৩ অর্থবছরে বাস্তবায়নাধীন এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের আগস্ট, ২০২২ মাস পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত মাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী<br>সচিব |
| সভার তারিখ | ২২/০৯/২০২২ |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | Zoom Online Platform |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি জুম প্লাটফরমে সংযুক্ত সকল কর্মকর্তা, সংস্থা প্রধান এবং প্রকল্প পরিচালকগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সুরক্ষা সেবা বিভাগের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের বাস্তবায়ন কার্যক্রম নির্দিষ্ট সময়ের মধ্যে কর্মপরিকল্পনা অনুযায়ী ত্বরান্বিত করা এবং চলমান প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা মোতাবেক স্বচ্ছতার সাথে সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য প্রকল্প পরিচালক, সংস্থা প্রধানসহ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। তিনি ২০২২-২৩ অর্থবছরে সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন চলমান ১২টি প্রকল্পের কর্মপরিকল্পনার আর্থিক লক্ষ্যমাত্রা ও ভৌত অগ্রগতির বাস্তব অর্জন; প্রকল্প সুষ্ঠভাবে বাস্তবায়নের প্রতিবন্ধকতাসমূহ চিহ্নিতকরণ এবং তা থেকে উত্তরণের এবং এর সম্ভাব্য সমাধানকল্পে প্রকল্প সংশ্লিষ্ট সকলের মতামত উপস্থাপনের জন্য অতিরিক্ত সচিব (উন্নয়ন)-কে অনুরোধ করেন।

০২। সভায় জানানো হয় যে, গত ২১ আগস্ট, ২০২২ তারিখে অনুষ্ঠিত এডিপি সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে এবং নরসিংদী জেলা কারাগারের 'গ' নং সিদ্ধান্তের "পূর্ত কাজের সাথে সামঞ্জস্য রেখে পণ্যের দরপত্র আহবান করতে হবে" এর পরিবর্তে "দ্রুত পণ্য সংগ্রহের দরপত্র আহবান করতে হবে" অন্তর্ভুক্ত করে কার্যবিবরণীটি সংশোধন করা হয়। কার্যবিবরণীর আর কোন পর্যবেক্ষণ বা সংশোধনী প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হয়।

০৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) তে সুরক্ষা সেবা বিভাগের ১২টি প্রকল্পের অনুকূলে ১৫৮৪.৩৩ কোটি টাকা বরাদ্দ রয়েছে যার মধ্যে জিওবি অর্থের পরিমাণ ১৫৭০.৫০ কোটি টাকা এবং প্রকল্প সহায়তা ১৩.৮৩ কোটি টাকা। বরাদ্দকৃত অর্থ হতে আগস্ট, ২০২২ পর্যন্ত ৩২৪.৯০ কোটি টাকা অবমুক্ত করা হয়েছে যা বরাদ্দের ২০.৫১%। আগস্ট ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ৩৪.৫৭ কোটি টাকা যা মোট এডিপি বরাদ্দের ২.১৮% এবং অবমুক্তকৃত অর্থের ১০.৬৪%। জুলাই-আগস্ট মাসে জাতীয় গড় অগ্রগতি (৩.৮৫%) এর চেয়ে এ বিভাগের অগ্রগতি কম পরিলক্ষিত হয়। সভাপতি চলতি অর্থ বছরে ক্যাটাগরিভিত্তিক প্রকল্পসমূহের অনুকূলে এডিপি বরাদ্দের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ এবং সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। তিনি প্রকল্পের সকল ক্রয় এবং বাস্তবায়ন কার্যক্রমে স্বচ্ছতা নিশ্চিত করে নির্দিষ্ট সময়েরে মধ্যে বাস্তবায়নের লক্ষ্যে জোর প্রচেষ্টা গ্রহণের জন্য সকল প্রকল্প পরিচালকের সচেষ্ট হওয়ার আহবান জানান। সভাপতি বলেন যে, ২০২২-২৩ অর্থবছরে কর্মপরিকল্পনা অনুযায়ী চলতি অর্থবছরের কার্যক্রম যথাযথভাবে

বাস্তবায়ন এবং এডিপি বরাদ্দের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে।

০৪। এ পর্যায়ে সংস্থাওয়ারী প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন যে, ২০২২-২০২৩ অর্থবছরের এডিপি'তে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর (এফএসসিডি) কর্তৃক বাস্তবায়নাধীন ০২টি প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ২০০.৯২ কোটি টাকা এবং আগস্ট ২০২২ পর্যন্ত অবমুক্ত করা হয়েছে ৪৩.৭৩ কোটি টাকা যা বরাদ্দের ২১.৭৬%। প্রকল্পের অনুকূলে আগস্ট, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে মোট ৫.৯৭ কোটি টাকা যা বরাদ্দের ৩.৪১%। ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের ০২টি প্রকল্পের অনুকূলে বরাদ্দ ৫৪০.২০ কোটি টাকা। আগস্ট, ২০২২ পর্যন্ত অর্থ অবমুক্ত হয়েছে ১৩২.৫৩ কোটি টাকা যা বরাদ্দের ২৪.৫৩%। প্রকল্প দুটির অনুকূলে আগস্ট, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ১২.০০ কোটি টাকা যা বরাদ্দের ২.২২%। কারা অধিদপ্তরের ০৮টি প্রকল্পের অনুকূলে এডিপি বরাদ্দ ৮৪৩.২১ কোটি টাকা , আগস্ট ২০২২ পর্যন্ত অর্থ অবমুক্ত করা হয়েছে ১৪৮.৬৪ কোটি টাকা যা বরাদ্দের ১৭.৬৩%। ০৮টি প্রকল্পের অনুকূলে আগস্ট,২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ১৬.৬০ কোটি টাকা যা বরাদ্দের ১.৯৭%।

০৫। **<u>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের প্রকল্পসমূহ:</u>**

**(ক) <u>১১টি মডার্ণ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প:</u>**

<u>আলোচনাঃ</u>

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, জানুয়ারি ২০১৯ হতে জুন ২০২৩ মেয়াদে ৬১৭.১৯ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের আগস্ট, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ৪৫১.৬৬ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৭৩.১৮% এবং ভৌত অগ্রগতি ৭৪%। প্রকল্পটিকে অর্থ বিভাগ কর্তৃক ০৩/০৭/২০২২ তারিখে **'বি' ক্যাটাগরিতে** অন্তর্ভুক্ত করা হয়েছে। চলতি অর্থ বছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ১৭৫.০০ কোটি টাকা এবং অর্থ অবমুক্ত হয়েছে ৪৩.৭৩ কোটি টাকা যা এডিপি বরাদ্দের ২৪.৯৯%। আগস্ট, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ৫.৯৭ কোটি টাকা যা এডিপি বরাদ্দের ৩.৪১%। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, আগস্ট, ২০২২ মাসে তিনি নারায়ণগঞ্জ জেলার কাঁচপুর ব্রিজ ও শিবু মার্কেট (ফতুল্লা) মর্ডাণ ফায়ার স্টেশন, সাভারের জিরাবো মডার্ণ ফায়ার স্টেশন, গাজীপুর জেলার কোনাবাড়ী মডার্ণ ফায়ার স্টেশন এবং পাবনা জেলার রূপপুর (গ্রীনসিটি) ও রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র মডার্ণ ফায়ার স্টেশনের নির্মাণ কাজের অগ্রগতি পরিদর্শন করেছেন। এছাড়াও সুরক্ষা সেবা বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয় গত ২৭ আগস্ট ২০২২ তারিখে গাজীপুর চৌরাস্তা মডার্ণ ফায়ার স্টেশন পরিদর্শন করেছেন। পরিদর্শনকালে তিনি জেলা প্রশাসক গাজীপুর কে ফায়ার স্টেশনের মেইন গেইট মহাসড়ক বরাবর নির্মাণের সুবিধার্থে ০২ (দুই) শতক জমি দ্রুত অধিগ্রহনের সহযোগিতা করার জন্য অনুরোধ জানান। পরবর্তীতে তিনি রাজেন্দ্রপুর চৌরাস্তা মডার্ন ফায়ার স্টেশন পরিদর্শন করেন। এতে দেখা যায়, মাসভিত্তিক কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। তিনি বলেন, ০৬টি মডার্ন ফায়ার স্টেশনের কাজ চলমান রয়েছে। ০৬টি স্টেশনের মধ্যে কাঁচপুর ব্রিজ, নারায়ণগঞ্জ (৭৭%), কর্ণফুলী, চট্টগ্রাম (৭৭%), কোনাবাড়ী, গাজীপুর (৪০%),রাজেন্দ্রপুর চৌরাস্তা, গাজীপুর (৬০%), শিবুমার্কেট (ফতুল্লা), নারায়ণগঞ্জ (১৮%), কালুরঘাট, চট্টগ্রাম (১২%) কাজ শেষ হয়েছে। রুপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র মডার্ণ থেকে ২৪/০৮/২০২২ তারিখেকার্যাদেশপ্রদান করা হয়েছে। গত ০৮/০৯/২০২২ তারিখ হতে নির্মাণ কাজ শুরু করা হয়েছে। এ প্রকল্পের ২৩টি প্যাকেজের ৪০ প্রকার অগ্নি নির্বাপক সরঞ্জামাদি সংগ্রহের নিমিত্ত আহবানকৃত দরপত্র উন্মুক্ত করা হয় ১৯/০৯/২০২২ তারিখে।

**<u>সিদ্ধান্ত:</u>**

(ক) সময়াবদ্ধ (Time Bound) কর্মপরিকল্পনা মোতাবেক মাসভিত্তিক টার্গেট অনুযায়ী অগ্রগতি অর্জন করতে

হবে এবং প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট সকলকে নিবিড়ভাবে তদারকি করতে হবে;

(খ) প্রকল্প পরিচালক নিয়মিত প্রকল্পের কাজ পরিদর্শন করবেন এবং গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন নিশ্চিত করবেন।

## (খ) Strengthening Ability of Fire Emergency Response (SAFER) Project প্রকল্প:

**আলোচনাঃ**

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, বৈদেশিক কারিগরি সহায়তায় প্রকল্পটি অক্টোবর ২০১৮ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত মেয়াদে ৮০.৬২ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের আগস্ট, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ৪৮.১৭ কোটি টাকা। এ প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৫৯.৭৫% এবং ভৌত অগ্রগতি ১০০%। প্রকল্পটিকে অর্থ বিভাগ কর্তৃক ০৩/০৭/২০২২ তারিখে **'সি' ক্যাটাগরিতে** অন্তর্ভুক্ত করা হয়েছে। চলতি অর্থ বছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ২৫.৯২ কোটি টাকা এবং প্রকল্পটি 'সি' ক্যাটাগরিভুক্ত হওয়ায় অর্থ ছাড় করা সম্ভব হয়নি। প্রকল্প পরিচালক বলেন, দক্ষিণ কোরিয়া হতে প্রেরিত ইলেকট্রিক সরঞ্জাম কোরিয়ান টিমের (KOICA) এর তত্ত্বাবধায়নে স্থাপনের কাজ চলছে এবং এ লক্ষ্যে ০২টি টিম কাজ করছে। তিনি আরো উল্লেখ করেন যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সদস্যদের ইতোমধ্যে ICT বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এ অর্থবছরে বরাদ্দকৃত ২৫.৯২ কোটি টাকা সিডি-ভ্যাট খাতে ব্যয় করা হবে। এছাড়া ফায়ার সার্ভিস থেকে ০১টি দল শীঘ্রই দক্ষিণ কোরিয়া প্রশিক্ষণে যাবে। সভাপতি প্রকল্প বাস্তবায়নের পাশাপাশি প্রয়োজনীয় জনবল পদায়ন/প্রশিক্ষণের বিষয়ে মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর দৃষ্টি আকর্ষণ করেন।

**সিদ্ধান্ত:**

(ক) দক্ষিণ কোরিয়া থেকে আনীত সরঞ্জামাদি দ্রুত ও যথাযথভাবে স্থাপনের কাজ সম্পন্ন করতে হবে;

(খ) স্থাপিত উপকরণ ও পরিচালনার জন্য অধিদপ্তরের কর্মচারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করতে হবে।

## (গ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের বরাদ্দবিহীনভাবে (সবুজ পাতায় অন্তর্ভুক্ত) অননুমোদিত নতুন প্রকল্পসমূহ:

| ক্র: নং | প্রকল্পের নাম | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | ঢাকা বিভাগের গুরুত্বপূর্ণ ৪৪টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প (০১/০৭/২০২২ থেকে ৩০/০৬/২০২৬) | গণপূর্ত অধিদপ্তর কর্তৃক ডিপিপি প্রণয়ণের কাজ চলমান রয়েছে যা ডিসেম্বর, ২০২২ এর মধ্যে সম্পন্ন হবে। | গণপূর্ত অধিদপ্তর |
| ২. | দেশের গুরুত্বপূর্ণ ৫০ টি স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প ( মার্চ ২০২২ হতে জুন ২০২৪) | অধিদপ্তরে ডিপিপি প্রণয়নের কাজ চলমান রয়েছে যা ডিসেম্বর, ২০২২ এর মধ্যে সম্পন্ন হবে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| ৩. | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মকর্তা কর্মচারীদের জন্য ০৬টি বহুতল আবাসিক ভবন নির্মাণ প্রকল্প (০১/০৭/২০২২ হতে ৩০/০৬/২০২৫) | গত ২১/১২/২০২১ তারিখে সুরক্ষা সেবা বিভাগের যাচাই-কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্তের আলোকে ০৬টি বহুতল আবাসিক ভবন নির্মাণের পরিবর্তে ০২টি ভবন নির্মাণের জন্য ডিপিপি সংশোধন করে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। অধিদপ্তর হতে ডিপিপি পুর্নগঠন করে নভেম্বর, ২০২২ এর মধ্যে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| ৪. | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরেরঅ্যাম্বুলেন্স সেবা সম্প্রসারণ (ফেইজ-২) প্রকল্প (০১/০৭/২০২২ হতে ৩০/১২/২০২৫) | অনুমোদনের নিমিত্ত সুরক্ষা সেবা বিভাগ হতে ০৫/০৯/২০২১ তারিখে ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। ০৬/০৯/২০২২ তারিখে পরিকল্পনা কমিশন জনবল সম্পর্কিত তথ্য সন্নিবেশ করে ডিপিপি পুনর্গঠন করে পুনরায় প্রেরণের অনুরোধ করেছে। আগামী অক্টোবর , ২০২২ মাসের মধ্যে প্রকল্পটির ডিপিপি পুনর্গঠন সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |

**০৬। <u>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বরাদ্দবিহীনভাবে (সবুজ পাতায় অন্তর্ভুক্ত) অননুমোদিত নতুন প্রকল্পসমুহ</u>**

| ক্র: নং | প্রকল্পের নাম | আলোচনা ও সিদ্ধান্ত | **বাস্তবায়নকারী কর্তৃপক্ষ** |
|---|---|---|---|
| ১. | ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র আধুনিকীকরণ (০১/০৭/২০২২ থেকে ৩০/০৬/২০২৫) | প্রকল্পটি ০২/০৮/২০২২ তারিখে একনেকে অনুমোদিত হয়। ডিপিপি পুনর্গঠন করে অক্টোবর, ২০২২ এর মধ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। | ১। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর<br>২। সুরক্ষা সেবা বিভাগ |
| ২. | ০৮টি বিভাগীয় শহরে এবং ১২টি জেলায় মাদকাসক্ত সনাক্তকরণে ডোপ টেস্ট প্রবর্তন (০১/০৭/২০২২ থেকে ৩০/০৬/২০২৫) | পুনর্গঠিত ডিপিপি ১৮/০৭/২০২২ তারিখে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে। ২৪/০৮/২০২২ তারিখে যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। অধিকতর যাচাই বাছাই করে অক্টোবর, ২০২২ এর মধ্যে পুনর্গঠিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| ৩. | ০৭টি বিভাগীয় শহরে ২০০ শয্যা বিশিষ্ট মাদকাসক্তি নিরাময় কেন্দ্র নির্মাণ (০১/০৭/২০২২ হতে ৩০/০৬/২০২৫) | পূর্বে প্রকল্পে ০৫ একর জমির সংস্থান ছিল। সুরক্ষা সেবা বিভাগের সচিব মহোদয়ের নির্দেশনা মোতাবেক উক্ত প্রকল্পের ১০ একর জমির সংস্থান রাখা হয়েছে। প্রত্যেক বিভাগ থেকে ১০ একর জমি পাওয়া গিয়েছে। জমির ডিজিটাল সার্ভে-কে বিবেচনায় নিয়ে পুনরায় লে-আউট এবং স্থাপত্য নকশা প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। ভবন নির্মাণের ক্ষেত্রে প্রতিটি ভবনের প্লিন্থ এরিয়া সঠিক রেখে স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রণীত প্রোটোটাইপ নকশা অক্টোবর, ২০২২ এর মধ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে প্রেরণ করতে হবে। | ১। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর<br>২। গণপূর্ত অধিদপ্তর<br>৩। স্থাপত্য অধিদপ্তর |
| ৪. | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জেলা অফিস ভবন নির্মাণ (১ম পর্যায়ে ০৭টি) (০১/০৭/২০২২ হতে ০১/০৬/২০২৫) | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ৪১ জেলা কার্যালয় (১ম পর্যায়ে ০৭টি) নির্মাণ শীর্ষক প্রকল্পের উপর গত ১২ মে ২০২২ তারিখে প্রকল্পে যাচাই কমিটির সভা হয়েছে। যাচাই কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক গণপূর্ত/স্থাপত্য অধিদপ্তরের সাথে যোগাযোগ করে ডিপিপি অক্টোবর, ২০২২ এর মধ্যে পুনর্গঠন করতে হবে। | ১।মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর<br>২। গণপূর্ত অধিদপ্তর<br>৩। স্থাপত্য অধিদপ্তর |

সভাপতি নতুন প্রকল্পের বিষয়ে বলেন, যেসব জেলায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নিজস্ব অফিস নেই ও সেসব জেলায় নিজস্ব অফিস ভবন নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে হবে। এ পরিপ্রেক্ষিতে অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন, কতটি জেলায় নিজস্ব অফিস ভবন আছে এবং কতটি জেলায় নিজস্ব অফিস ভবন নেই এ বিষয়ে বিস্তারিত তথ্য এ বিভাগে প্রেরণের জন্য মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে অনুরোধ জানানো হয়েছে।

## ০৭। **<u>ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের প্রকল্পসমূহ:</u>**

### **(ক) <u>বাংলাদেশ ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন প্রকল্পঃ</u>**

**<u>আলোচনাঃ</u>**

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, জুলাই ২০১৮ হতে জুন ২০২৮ মেয়াদে ৪৬৩৫.৯১ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের আগস্ট, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ২৭৮৪.৯৬ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৬০.০৭%। প্রকল্পটিকে অর্থ বিভাগ কর্তৃক ০৩/০৭/২০২২ তারিখে **'এ' ক্যাটাগরিতে** অন্তর্ভুক্ত করা হয়েছে। চলতি অর্থ বছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ৪৮০.০০ কোটি টাকা এবং অর্থ অবমুক্ত হয়েছে ১১৮.৩১ কোটি টাকা যা এডিপি বরাদ্দের ২৪.৬৫%। আগস্ট, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ০.৭৪ কোটি টাকা যা এডিপি বরাদ্দের ০.১৫%। এ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে প্রকল্প পরিচালক বলেন যে, বিশেষায়িত কারিগরী সংরক্ষণাগার ভাড়া করার জন্য গত ১৯/০৮/২০২২ তারিখে দরপত্র আহবান করা হয়েছে এবং ১৯/০৯/২০২২ তারিখে উন্মুক্ত করা হয়েছে । দরপত্র যাচাই কমিটির মূল্যায়ন কার্যক্রম আগামী এক সপ্তাহের মধ্যে সম্পন্ন হবে এবং আশা করা যায় অক্টোবর, ২০২২ মাসের প্রথম সপ্তাহের মধ্যে চুক্তি স্বাক্ষর করা সম্ভব হবে। তিনি বলেন যে, ডিপিপি সংশোধনের প্রথম খসড়া প্রস্তুত করা হয়েছে এবং এতে প্রায় ৩৮.৩১% প্রাক্কলন বৃদ্ধি পেয়েছে। তিনি বলেন সংশোধিত খসড়া ডিপিপি'তে প্রকল্পের চাহিদা মোতাবেক অর্থনৈতিক কোড সমেত কতিপয় অঙ্গের সংযোজন করা হয়েছে। তিনি আশা করেন ডিপিপি সংশোধনের কাজ সম্পন্ন করে অক্টোবর, ২০২২ এর মধ্যে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ সম্ভব হবে। তিনি আরো বলেন যে, Veridos কর্তৃক মালামাল সংক্রান্ত স্টক টেকিং এর ২১টি গুরুত্বপূর্ণ আইটেমের চূড়ান্ত প্রতিবেদন প্রাপ্তির পর সুরক্ষা সেবা বিভাগে অক্টোবর, ২০২২ মাসের মধ্যে নতুন প্রতিবেদন প্রেরণ করা হবে।

পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগের প্রতিনিধি বলেন, এ প্রকল্পের অপারেশন সাপোর্ট এর মেয়াদ ১৬ মাস বৃদ্ধি এবং ডিপিপি সংস্থানের অতিরিক্ত অর্থ ব্যয়ের পূর্বানুমতি প্রদান করা হয়েছে। ১৬ মাস পর যাতে প্রকল্পের অপারেশন সাপোর্ট এর আর প্রয়োজন না হয় সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা দরকার। এ পর্যায়ে মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর বলেন যে, ১৬ মাস পর অপারেশন সাপোর্ট নিজস্ব জনবলের মাধ্যমে দেয়া সক্ষমতা অর্জন করা সম্ভব হবে। তাছাড়া তিনি জানান যে, উৎপাদন ঝুঁকি এড়ানোর জন্য কাঁচামালের পরিবর্তে অতিরিক্ত রেডি বুকলেট ক্রয়ের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

**সিদ্ধান্ত:**

(ক) ডিপিপি সংশোধনে কাজ সম্পন্ন করে অক্টোবর, ২০২২ এর মধ্যে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে;
(খ) ই-পাসপোর্টের মালামাল সংক্রান্ত স্টক টেকিং এর সমস্যাবলী অক্টোবর, ২০২২-এর মধ্যে নিষ্পত্তি করে এ বিভাগে প্রতিবেদন প্রেরণ করতে হবে।;

**(খ) ১৬টি আঞ্চলিক পাসপোর্ট অফিস নির্মাণ প্রকল্পঃ**

**আলোচনাঃ**

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, জুলাই ২০১৮ হতে ডিসেম্বর ২০২২ মেয়াদে ১২৮.৪০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের আগস্ট, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ৬৭.০৯ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৫৩% এবং ভৌত অগ্রগতি ৭৫%। প্রকল্পটিকে অর্থ বিভাগ কর্তৃক ০৩/০৭/২০২২ তারিখে **'বি' ক্যাটাগরিতে** অন্তর্ভুক্ত করা হয়েছে। চলতি অর্থ বছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ৬০.২০ কোটি টাকা এবং অর্থ অবমুক্ত হয়েছে ১৪.২২ কোটি টাকা যা এডিপি বরাদ্দের ২৩.৬২%। আগস্ট, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ১১.২৬ কোটি টাকা যা এডিপি বরাদ্দের ১৮.৭০%। প্রকল্প পরিচালক বলেন যে, প্রকল্পের সবগুলো আঞ্চলিক পাসপোর্ট অফিসের পূর্ত কাজের মাসভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। তবে কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের ভৌত অগ্রগতি কিছুটা পিছিয়ে আছে। তিনি বলেন যে, গত ২১/০৯/২০২২ তারিখে এ প্রকল্পের পিএসসি সভায় প্রকল্পের মেয়াদ ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত বৃদ্ধির সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। তিনি প্রকল্পের জেলা ভিত্তিক তথ্য সভায় উপস্থাপন করেন এবং রোডম্যাপ অনুযায়ী প্রকল্পের কার্যক্রম মনিটরিং জোরদার করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন।

**সিদ্ধান্ত:**

(ক) প্রকল্পের সময়াবদ্ধ (Time Bound) কর্মপরিকল্পনা অনুযায়ী জেলা ভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি আগামী এডিপি সভায় উপস্থাপন করতে হবে;
(খ) প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব অক্টোবর, ২০২২ এর মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে;

**(গ) ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের বরাদ্দবিহীনভাবে (সবুজ পাতায় অন্তর্ভুক্ত) অননুমোদিত নতুন প্রকল্পসমূহ:**

| ক্র: নং | প্রকল্পের নাম | আলোচনা ও সিদ্ধান্ত | **বাস্তবায়নকারী কর্তৃপক্ষ** |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ১. | পাসপোর্ট পার্সোনালাইজেশন কমপ্লেক্স-২ উত্তরায় নির্মিতব্য বহুতল ভবন (০১/১২/২০২২ থেকে ৩০/০৬/২০২৫) | প্রকল্পের জমি অধিগ্রহণ সম্পন্ন হয়েছে। ডিপিপি প্রণয়নের কাজ অক্টোবর, ২০২২ মাসের মধ্যে সম্পন্ন হবে। পূর্তকাজের প্রাক্কলন সম্পন্ন হয়েছে। বৈদ্যুতিক কাজের প্রাক্কলন প্রস্তুত এবং সম্ভাব্যতা যাচাই এখনও সম্পন্ন হয়নি। | (১) ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের_<br>(২) গণপূর্ত অধিদপ্তর<br>(৩) স্থাপত্য অধিদপ্তর |

০৮। **কারা অধিদপ্তর-এর প্রকল্পসমূহঃ**

**(ক) খুলনা জেলা কারাগার নির্মাণ (১ম সংশোধিত) প্রকল্প:**

**আলোচনাঃ**

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, জুলাই ২০২১ হতে জুন ২০২৩ মেয়াদে ২৮৮.২৬ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের আগস্ট, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ১৭২.৮৮ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৫৯.৯৯% এবং ভৌত অগ্রগতি ৬৫%। প্রকল্পটিকে অর্থ বিভাগ কর্তৃক ০৩/০৭/২০২২ তারিখে **'বি' ক্যাটাগরিতে** অন্তর্ভুক্ত করা হয়েছে। চলতি অর্থ বছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ৭৫.০০ কোটি টাকা এবং অর্থ অবমুক্ত হয়েছে ১৪.০৬ কোটি টাকা যা এডিপি বরাদ্দের ১৮.৭৫%। আগস্ট, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ০.৪৫৯ কোটি টাকা যা এডিপি বরাদ্দের ০.০৬%। প্রকল্প পরিচালক বলেন যে, এ প্রকল্পের অতিরিক্ত দায়িত্ব প্রাপ্তির পর প্রকল্প এলাকা ২ বার পরিদর্শন করেছেন। এ প্রকল্পের পূর্ত কাজের ৩৯টি প্যাকেজের মধ্যে ৩৪টি প্যাকেজের টেন্ডার পূর্বেই সমাপ্ত হয়ে কাজ চলমান আছে। অবশিষ্ট ৫টি প্যাকেজের মধ্যে ৩টি প্যাকেজের টেন্ডার ৩১/০৭/২২ তারিখে আহবান করা হয় এবং ০৬/০৯/২০২২ তারিখে উন্মুক্ত করা হয়। ২টি প্যাকেজের (এসটিপি এবং বনায়ন) টেন্ডার আহবানের প্রস্তুতি চলছে। এছাড়া পণ্য সরবরাহের ৯টি প্যাকেজের মধ্যে ৫টি প্যাকেজের কাজ সম্পন্ন হয়েছে এবং ৪টি প্যাকেজের টেন্ডার আহবানের প্রস্তুতি চলছে। তিনি বলেন, প্রকল্পটির টেন্ডার আহবানে গণপূর্ত বিভাগ অনেক বেশি সময় নিয়েছে এবং নির্ধারিত সময়ে প্রকল্পটি সম্পন্ন করা প্রায় অসম্ভব। গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি বলেন, এসটিপি এর টেন্ডার আহবান করতে একটু সময় লেগেছে, অবশিষ্ট আইটেমের টেন্ডারের যাবতীয় কার্যক্রম অক্টোবর/২০২২ এর মধ্যে সম্পন্ন করা সম্ভব হবে।

**সিদ্ধান্তঃ**

(ক) নির্দিষ্ট মেয়াদে প্রকল্পটির বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন করতে হবে;

(খ) বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের অবশিষ্ট আইটেমসমূহের যাবতীয় ক্রয় কার্যক্রম অক্টোবর, ২০২২-এর মধ্যে সম্পন্ন করতে হবে;

**(খ) কারা প্রশিক্ষণ একাডেমী, রাজশাহী নির্মাণ প্রকল্প:**

**আলোচনাঃ**

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, জুলাই ২০১৫ হতে জুন ২০২৩ মেয়াদে ৯৮.৭৮ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের আগস্ট, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ৫০.৭১ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৬৯.০৬% এবং ভৌত অগ্রগতি ৭০%। প্রকল্পটিকে অর্থ বিভাগ কর্তৃক ০৩/০৭/২০২২ তারিখে **'এ' ক্যাটাগরিতে** অন্তর্ভুক্ত করা হয়েছে। চলতি অর্থ বছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ১৫.০০ কোটি টাকা এবং অর্থ অবমুক্ত হয়েছে ০.০০ কোটি টাকা যা এডিপি বরাদ্দের ০.০০%। আগস্ট, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ০.০০ কোটি টাকা যা এডিপি

বরাদ্দের ০.০০%।প্রকল্প পরিচালক জানান যে, এ প্রকল্পের আরডিপিপি আগষ্ট, ২০২২ মাসে অনুমোদিত হওয়ার পর সেপ্টেম্বর, ২০২২ মাসে অর্থছাড় হয়েছে ২.৭৭ কোটি টাকা যা এডিপি বরাদ্দের ১৮.৪৭%। তিনি বলেন, এ প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী বিভিন্ন কম্পোনেন্টের টেন্ডার কার্যক্রম সম্পন্ন হয়েছে। প্রকল্পটির নতুন করে কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। তিনি আরো বলেন, প্রকল্পটি নির্ধারিত সময়ে বাস্তবায়ন সম্পন্ন করার জন্য প্রকল্পের অনুকূলে আরো ৩৩.০০ কোটি টাকা বরাদ্দ প্রয়োজন।

**সিদ্ধান্ত:**

অনুমোদিত আরডিপিপি অনুযায়ী নতুন মাসভিত্তিক কর্মপরিকল্পনা সুরক্ষা সেবা বিভাগে ১০/১০/২০২২ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

**(গ) ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প:**

**আলোচনাঃ**

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, জুলাই ২০১৫ হতে জুন ২০২২ মেয়াদে ১২৭.৬১ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের আগস্ট, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ৮৩.০৫ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৬৫.০৮% এবং ভৌত অগ্রগতি ৮০%। প্রকল্পটিকে অর্থ বিভাগ কর্তৃক ০৩/০৭/২০২২ তারিখে **'বি' ক্যাটাগরিতে** অন্তর্ভুক্ত করা হয়েছে। চলতি অর্থ বছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ৪০.০০ কোটি টাকা। প্রকল্প পরিচালক সভাকে জানান যে, প্রকল্পের সংশোধিত ডিপিপি অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে এবং ২২/০৮/২০২২ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত পিইসি সভায় গণপূর্ত অধিদপ্তর কর্তৃক প্রণীত ২০২২ এর রেট সিডিউল অনুসারে আরডিপিপি পুনর্গঠনের নির্দেশনা প্রদান করা হয়েছে। সভাপতি পুনর্গঠিত আরডিপিপি অনুমোদনের প্রক্রিয়া ত্বরান্বিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত:**

পুনর্গঠিত আরডিপিপি অনুমোদনের প্রক্রিয়া ত্বরান্বিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে উদ্যোগ গ্রহণ করতে হবে;

**(ঘ) কারা নিরাপত্তা আধুনিকায়ন (ঢাকা, চট্টগ্রাম ও ময়মনসিংহ বিভাগ) প্রকল্প:**

**আলোচনাঃ**

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, জানুয়ারি ২০১৬ হতে জুন ২০২২ মেয়াদে ৪৯.৯৮ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়নের জন্য নির্ধারিত ছিল। এ প্রকল্পের আগস্ট, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ২৭.৩২ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৫৪.৭৫% এবং ভৌত অগ্রগতি ১০০%। প্রকল্পটিকে অর্থ বিভাগ কর্তৃক ০৩/০৭/২০২২ তারিখে **'বি' ক্যাটাগরিতে** অন্তর্ভুক্ত করা হয়েছে। চলতি অর্থ বছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ০.০০ কোটি টাকা। গত অর্থ বছরে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ সমাপ্ত করার লক্ষ্যমাত্রা থাকলেও প্রকল্পের অন্যতম অঙ্গ জ্যামার ক্রয় সম্পন্ন না হওয়ায় প্রকল্প সমাপ্ত হবে না বিবেচনায় প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ ডিসেম্বর, ২০২২ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। প্রকল্প পরিচালক বলেন, এ প্রকল্পের আওতায় জ্যামার ক্রয় ব্যতীত এ পর্যন্ত ক্রয়/সরবরাহকৃত যন্ত্রপাতি ৩২ টি কারাগারে স্থাপন করা হয়েছে। স্থাপনকৃত যন্ত্রপাতি সংশ্লিষ্ট কারাগার কর্তৃপক্ষ কর্তৃক স্টক রেজিস্টার অন্তর্ভুক্ত করা হয়েছে। ক্রয়/সরবরাহকৃত বর্তমান অবস্থা সম্পর্কিত হালনাগাদ প্রতিবেদন সুরক্ষা সেবা বিভাগে ২৪/০৮/২০২২ তারিখে প্রেরণ করা হয়েছে। পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগের প্রতিনিধি বলেন যে, প্রকল্পটির মেয়াদ ডিসেম্বর/২২ পর্যন্ত বৃদ্ধির প্রক্রিয়াকরণ করা

হয়েছে, তবে বাস্তবতার নিরিখে মনে হচ্ছে এ সময়ের মধ্যে প্রকল্পটি বাস্তবায়ন করা সম্ভব হবে না।

**সিদ্ধান্ত:**

মোবাইল জ্যামারের উপকরণ সংগ্রহ সম্পন্ন করে প্রকল্পটিসমাপ্ত করার জন্য প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট সকলকে পূর্ণ আন্তরিকতা নিয়ে কাজ করতে হবে।

**(ঙ) পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষণ ও পারিপার্শ্বিক উন্নয়ন প্রকল্প:**

**আলোচনাঃ**

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, জুলাই ২০১৮ হতে ডিসেম্বর ২০২২ মেয়াদে ৬০৭.৩৬ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের আগস্ট, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ৫৪.৯১ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৯.০৩% এবং ভৌত অগ্রগতি ১৩%। প্রকল্পটিকে অর্থ বিভাগ কর্তৃক ০৩/০৭/২০২২ তারিখে **'বি' ক্যাটাগরিতে** অন্তর্ভুক্ত করা হয়েছে। চলতি অর্থ বছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ৩৯৮.২১ কোটি টাকা এবং অর্থ অবমুক্ত হয়েছে ৯৭.৮৩ কোটি টাকা যা এডিপি বরাদ্দের ২৪.৫৬%। আগস্ট, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ০.১৪৭ কোটি টাকা যা এডিপি বরাদ্দের ০.০৪%। প্রকল্প পরিচালক সভাকে বলেন যে, প্রকল্পের আওতায় তিনটি জোন অর্থাৎ 'এ', 'বি' ও 'সি' জোনে ভাগ করে কাজ করা হচ্ছে। জোন 'বি' ও 'সি'- এর কাজ পূর্ণগতিতে চলছে। তবে জোন 'এ' এর কার্যক্রম ডিপিপি সংশোধনের পরে শুরু করা যাবে। প্রকল্পের আরডিপিপি প্রণয়নের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। প্রকল্পের কারিগরি কমিটির সভা গত ২৯/০৮/২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় প্রকল্পের সংরক্ষণযোগ্য ৪৮টি স্থাপনা এবং অপসারণযোগ্য ১২৫টি স্থাপনার তালিকা অনুমোদন করা হয়; প্রকল্পের প্রয়োজনীয় জনবল কাঠামো চূড়ান্ত করে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়; জোন-সি এর সাবজোন ৪,৫,ও ১৪ এবং জোন-এ এর মাস্টারপ্ল্যান অনুমোদন করা হয়; প্রকল্পের বাস্তবায়ন কাজ নিবিড়ভাবে তদারকি ও প্রয়োজনীয় পরামর্শ প্রদানের জন্য একটি কারিগরী সাব কমিটি গঠন করা হয় এবং আগামী ২৬/১০/২০২২ তারিখে কারিগরী কমিটির পরবর্তী সভার তারিখ নির্ধারিত হয়। তিনি বলেন, প্রকল্পের কার্যক্রম কর্মপরিকল্পনা অনুযায়ী চলমান রয়েছে এবং নিয়মিত পরিবীক্ষণ করা হচ্ছে। অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন, এ প্রকল্পের কার্যক্রম মাননীয় প্রধানমন্ত্রীর নিকট উপস্থাপনের জন্য কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সভাপতি বলেন যে, এ প্রকল্পের কার্যক্রমের একটি সার-সংক্ষেপ সুরক্ষা সেবা বিভাগে প্রেরন করতে হবে এবং এ প্রকল্পের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

**সিদ্ধান্ত:**

(ক) ডিপিপি সংশোধনের কার্যক্রমসেপ্টেম্বর, ২০২২ এর মধ্যে সম্পন্ন করতে হবে;
(খ) প্রকল্পের সার্বিক কার্যক্রম কর্মপরিকল্পনা অনুযায়ী যথাযথভাবে দ্রুততার সাথে শেষ করতে হবে।
(গ) প্রকল্পের কার্যক্রমের সার-সংক্ষেপ সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে।

**(চ) কুমিল্লা কেন্দ্রীয় কারাগার পুন:নির্মাণ প্রকল্প:**

**আলোচনাঃ**

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, জানুয়ারি ২০১৯ হতে ডিসেম্বর ২০২২ মেয়াদে ৬২৪.৯৮ কোটি টাকা

প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের আগস্ট, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ৮০.২৬ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ১২.৮৪% এবং ভৌত অগ্রগতি ১৮%। প্রকল্পটিকে অর্থ বিভাগ কর্তৃক ০৩/০৭/২০২২ তারিখে **'বি' ক্যাটাগরিতে** অন্তর্ভুক্ত করা হয়েছে। চলতি অর্থ বছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ১০০.০০ কোটি টাকা এবং অর্থ অবমুক্ত হয়েছে ১৮.৭৫ কোটি টাকা যা এডিপি বরাদ্দের ১৮.৭৫%। আগস্ট, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ১৬.৫২ কোটি টাকা যা এডিপি বরাদ্দের ১৬.৫২%। প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটি 'বি' ক্যাটাগরীর অন্তর্ভুক্ত বিধায় এডিপি বরাদ্দের ৭৫% হিসেবে ৭৫.০০ কোটি টাকা ব্যয় করা যাবে। প্রকল্প পরিচালক জানান যে, এ প্রকল্পের ডিপিপি সংশোধনসহ ডিপিপির মেয়াদ বৃদ্ধির জন্য কার্যক্রম গ্রহণ করা হয়েছে। কিন্তু কুমিল্লা গণপূর্ত অধিদপ্তর কর্তৃক পূর্ত কাজের সংশোধিত হিসাব দিতে বিলম্ব হওয়ায় ডিপিপি সংশোধনের কাজ শেষ করা সম্ভব হয়নি। প্রকল্পের নির্মাণ কাজের অগ্রগতি সম্পর্কে প্রকল্প পরিচালক জানান যে, ক্রয়পরিকল্পনা অনুযায়ী পূর্ত কাজের ১৩টি প্যাকেজের মধ্যে ৭টি প্যাকেজের কাজ চলমান রয়েছে। ২টি প্যাকেজের ক্রয় কার্যক্রম দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে টেন্ডার আহবান করা হবে এবং অবশিষ্ট ৪টি প্যাকেজের কাজ নির্মাণ কাজের টেন্ডার শেষের দিকে করা হবে। সভাপতি বলেন প্রকল্পের কাজ বাস্তবে কতটা হচ্ছে তা সরেজমিনে পরিদর্শন করতে হবে এবং কোন প্রকার প্রতিবন্ধকতা দেখা দিলে তা দ্রুত উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

<u>সিদ্ধান্ত:</u>

(ক) ক্রমপরিকল্পনা অনুযায়ী নির্মাণ কাজ বাস্তবায়ন হচ্ছে কিনা প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট সকলকে তা পরিবীক্ষণ করতে হবে;

(খ) প্রকল্পের ডিপিপি সংশোধন করে সেপ্টেম্বর, ২০২২ এর মধ্যে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে;

(গ) বার্ষিক ক্রয়পরিকল্পনা অনুযায় প্রকল্পের অবশিষ্ট আইটেমের টেন্ডারের যাবতীয় কার্যক্রম অক্টোবর, ২০২২ এর মধ্যে সম্পন্ন করতে হবে।

**(ছ) <u>নরসিংদী জেলা কারাগার নির্মাণ প্রকল্প</u>:**

<u>আলোচনাঃ</u>

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, সেপ্টেম্বর ২০১৯ হতে জুন ২০২৪ মেয়াদে ৩২৬.৯৮ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের আগস্ট, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ১০০.৬০ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি (৩০.৭৭%) এবং ভৌত অগ্রগতি ৪২%। প্রকল্পটিকে অর্থ বিভাগ কর্তৃক ০৩/০৭/২০২২ তারিখে **'সি' ক্যাটাগরিতে** অন্তর্ভুক্ত করা হয়েছে। চলতি অর্থ বছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ১২০.০০ কোটি টাকা। প্রকল্প পরিচালক বলেন যে, প্রকল্পটি 'সি' ক্যাটাগরিভুক্ত হওয়ায় অর্থছাড় করা সম্ভব হচ্ছেনা। অর্থছাড় না হওয়ায় এ প্রকল্পের কর্মকর্তা ও কর্মচারিদের বেতন-ভাতা ও ঠিকাদারের চলমান কাজের বিল পরিশোধ করা সম্ভব হচ্ছে না। সভাপতি বলেন যে, প্রকল্পের ক্যাটাগরি পরিবর্তনের জন্য জরুরী ভিত্তিতে অর্থ বিভাগে পত্র প্রেরণ করতে হবে।

<u>সিদ্ধান্ত:</u>

(ক) সময়াবদ্ধকর্মপরিকল্পনা মোতাবেক মাসভিত্তিক টার্গেট অনুযায়ী প্রকল্পের কাজ সম্পন্ন করতে হবে;

(খ) প্রকল্পটির ক্যাটাগরি উন্নীতকরণের নিমিত্ত অর্থ বিভাগে পত্র প্রেরণ করতে হবে,

(গ) দ্রুত পণ্য সংগ্রহের দরপত্র আহবানের উদ্যোগ গ্রহন করতে হবে;

(জ) **<u>জামালপুর জেলা কারাগার পুন: নির্মাণ প্রকল্প:</u>**

**আলোচনাঃ**

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, জুলাই ২০২০ হতে জুন ২০২৩ মেয়াদে ২১০.০৩ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের আগস্ট, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ৮.৪৬ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৪.০৩% এবং ভৌত অগ্রগতি ৮.০৩%। প্রকল্পটিকে অর্থ বিভাগ কর্তৃক ০৩/০৭/২০২২ তারিখে **'বি' ক্যাটাগরিতে** অন্তর্ভুক্ত করা হয়েছে। চলতি অর্থ বছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ৯৫.০০ কোটি টাকা এবং অর্থ অবমুক্ত হয়েছে ১৮.০০ কোটি টাকা যা এডিপি বরাদ্দের ১৮.৯৫%। আগস্ট, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ০.০২ কোটি টাকা যা এডিপি বরাদ্দের ০.০২% ।প্রকল্প পরিচালক সভাকে জানান যে, প্রকল্পের ০৭ (সাতটি) প্যাকেজের মধ্যে পূর্ত কাজের ২টি প্যাকেজের (প্যাকেজ-১,প্যাকেজ-২)-এর নির্মাণকাজ চলমান রয়েছে। তিনি আরো বলেন, জমি নিয়ে জটিলতার কারণে মাল্টিপারপাস শেড এবং ৬৫০ বর্গফুট এর ২টি অনাবাসিক ভবন নির্মাণে বিলম্ব হচ্ছিল। গত ১৩/০৮/২০২২ তারিখে অতিরিক্ত সচিব (উন্নয়ন) প্রকল্প এলাকা পরিদর্শন করেছেন এবং জেলা প্রশাসকের সাথে আলোচনাক্রমে জমি সংক্রান্ত বিদ্যমান সমস্যা স্থায়ীভাবে সমাধান করা সম্ভব হয়েছে।

**সিদ্ধান্ত:**

(ক) সকল প্যাকেজের টেন্ডার প্রক্রিয়া অক্টোবর, ২০২২ এর মধ্যে সম্পন্ন করতে হবে;

(খ) সময়াবদ্ধ (Time Bound) কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে এবং প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট সকলকে তদারকি করতে হবে।

**(ঝ) কারা অধিদপ্তরের বরাদ্দবিহীন (সবুজ পাতায় অন্তর্ভুক্ত) অননুমোদিত নতুন প্রকল্পের সর্বশেষ অগ্রগতির বিবরণ:**

| ক্র: নং | প্রকল্পের নাম | আলোচনা ও সিদ্ধান্ত | **বাস্তবায়নকারী কর্তৃপক্ষ** |
|---|---|---|---|
| ১. | বঙ্গবন্ধু শেখ মুজিব কারা প্রশিক্ষণ একাডেমী নির্মাণ প্রকল্প (০১/০৭/২০২২ থেকে ৩০/০৬/২০২৫) | প্রকল্পের কারিগরী ও আর্থিক প্রস্তাব Infrastructure Investment Facilitation Company (IIFC) কর্তৃক উপস্থাপন করা হয়েছে। IIFC এর আর্থিক প্রস্তাব মূল্যায়ন কমিটির ০৪/০৯/২০২২ তারিখে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক আর্থিক প্রস্তাবনা পুর্নবিবেচনার জন্য IIFC কর্তৃপক্ষকে ০৭/০৯/২০২২ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। | কারা অধিদপ্তর |
| ২. | অ্যাম্বুলেন্স, নিরাপত্তা সংক্রান্ত গাড়ী ও যন্ত্রপাতি সংগ্রহ এবং প্রশিক্ষণের মাধ্যমে কারা অধিদপ্তরের আধুনিকায়ন প্রকল্প ( ০১/০৭/২০২২ হতে ৩০/০৬/২০২৫) | প্রকল্পের ডিপিপি'র উপর যাচাই কমিটির সভা ২৮/০৮/২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত মোতাবেক ডিপিপি পুনর্গঠন করে অক্টোবর, ২০২২ এর মধ্যে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হবে। | কারা অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| ৩. | কেন্দ্রীয় কারা হাসপাতাল, কেরানিগঞ্জ নির্মাণ প্রকল্প (০১/০৭/২০২২ হতে ৩০/০৬/২০২৫) | প্রকল্পের কারিগরী ও আর্থিক প্রস্তাব Infrastructure Investment Facilitation Company (IIFC) কর্তৃক উপস্থাপন করা হয়েছে। IIFC এর আর্থিক প্রস্তাব মূল্যায়ন কমিটির ০৪/০৯/২০২২ তারিখে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক আর্থিক প্রস্তাবনা পূর্নবিবেচনার জন্য IIFC কর্তৃপক্ষকে ০৭/০৯/২০২২ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। | কারা অধিদপ্তর |
| ৪. | এ্যাকসেস টু জাস্টিস থ্রু প্রিজন এন্ড পলিসি রিফর্মস প্রকল্প (০১/০৭/২০২২ হতে ৩০/০৬/২০২৩) | কারিগরি সহায়তায় প্রকল্পের TAPP ভৌত অবকাঠামো বিভাগের পর্যবেক্ষণের আলোকে TAPP পুনর্গঠনের জন্য ১১/০৮/২০২২ তারিখে কারা অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। ডিপিপি পুনর্গঠন করে অক্টোবর, ২০২২ এর মধ্যে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হবে। | কারা অধিদপ্তর |

অতিরিক্ত সচিব (উন্নয়ন) প্রকল্প পরিচালকগণকে  সভার সিদ্ধান্ত সমূহ আন্তরিকতার সাথে বাস্তবায়নের জন্য অনুরোধ করেন। সভাপতি প্রকল্প বাস্তবায়ন কাজের সকল পর্যায়ে সময় (তারিখ/মাসের নাম) উল্লেখ করার নির্দেশনা প্রদান করেন। এছাড়া প্রকল্প পরিচালকগন মাসভিত্তিক অগ্রগতির প্রতিবেদনে ইত:পূর্বে অনুষ্ঠিত পিএসসি সভার সংখ্যা ও তারিখ উল্লেখ করবেন।তিনি বলেন যে, উন্নয়ন প্রকল্পের যে সকল কার্যক্রম বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অন্তর্ভুক্ত সেগুলো অগ্রাধিকার ভিত্তিতে যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে এবং মাসিক প্রকল্প পর্যালোচনা সভায় এর অগ্রগতি পর্যালোচনা করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী
সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৯৪.০৬.০০১.২১.২৭৩

তারিখ: ১৩ আশ্বিন ১৪২৯
২৮ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ

২) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

৩) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৪) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৫) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৬) সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৭) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

৮) মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর

৯) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

১০) মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর

১১) কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর

১২) অতিরিক্ত সচিব, নিরাপত্তা ও বহিরাগমণ অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ

১৩) অতিরিক্ত সচিব, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ

১৪) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ

১৫) অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ

১৬) প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর

১৭) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর

১৮) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা

১৯) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ

২০) উপসচিব, পরি-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ

২১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ

২২) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ

২৩) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ



মুহাম্মদ শহিদ উল্লাহ
উপসচিব